

পরীক্ষা

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের 'ডি' ইউনিটের ভর্তি পরীক্ষা আজ, পরীক্ষা দুই শিফটে

নিজস্ব প্রতিবেদক ঢাকা

প্রকাশ: ১৪ ফেব্রুয়ারি ২০২৫, ০৭: ০০



জগন্নাথ বিশ্ববিদ্যালয় ছবি: সংগৃহীত

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) সামাজিক বিজ্ঞান অনুষদের 'ডি' ইউনিটের ভর্তি পরীক্ষা আজ শুক্রবার (১৪ ফেব্রুয়ারি) অনুষ্ঠিত হবে। এবারের পরীক্ষায় ৫৯০টি আসনের বিপরীতে ২৪ হাজার ৯৫৬ জন শিক্ষার্থী আবেদন করেছেন। এ হিসেবে প্রতি আসনের জন্য পরীক্ষার্থী ৪৩ জন।

শুক্রবার দুই শিফটে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। প্রথম শিফট শুরু হবে সকাল ১০টা থেকে ১১টা পর্যন্ত। আর দ্বিতীয় শিফট বিকাল ৩টা ৩০ মিনিট থেকে ৪টা ৩০ মিনিট পর্যন্ত চলবে।

এবার জগন্নাথ বিশ্ববিদ্যালয় নিজস্ব নিয়মে ভর্তি পরীক্ষা নিচ্ছে। এ বিশ্ববিদ্যালয়ের পরবর্তী পরীক্ষা ১৫ ফেব্রুয়ারি। ওই দিন বি ইউনিটের কলা অনুষদের পরীক্ষা, ২২ ফেব্রুয়ারি এ ইউনিটের বিজ্ঞান অনুষদের পরীক্ষা, ২৮ ফেব্রুয়ারি সি ইউনিটের বিজনেস স্টাডিজ অনুষদের পরীক্ষা অনুষ্ঠিত হবে।

